

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৬.০৬.০১২.২০১৫-

২৪৪

তারিখঃ ১৬ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
৩০ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় জুনিয়র ইন্সট্রাক্টরদের (টেক/নন-টেক) সমন্বিত গ্রেডেশন তালিকা প্রস্তুত করার জন্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে বেশ আগেই উদ্যোগ নেয়া হয়েছে। কিন্তু পুনঃ পুনঃ আপত্তি দাখিলের পরিপ্রেক্ষিতে গ্রেডেশন তালিকা চূড়ান্ত করা সম্ভব হচ্ছে না। ফলশ্রুতিতে, এ কার্যক্রম অহেতুক দীর্ঘায়িত হচ্ছে। গ্রেডেশন তালিকা চূড়ান্ত না হওয়ায় জুনিয়র ইন্সট্রাক্টরদের পদোন্নতিও বিলম্বিত হচ্ছে। সর্বশেষ গত ১৮/০২/২০১৬ তারিখে মন্ত্রণালয়ে গুনানি হয়েছে। গুনানিতে প্রাপ্ত আপত্তিসমূহ নিষ্পত্তির ক্ষেত্রেও কিছু ত্রুটিবিচ্যুতি পরিলক্ষিত হয়েছে। বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরীয় বিভিন্ন প্রতিষ্ঠানের জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/নন-টেক) পদের সমন্বিত সংশোধনকৃত খসড়া গ্রেডেশন তালিকা-৩ এর ত্রুটি-বিচ্যুতিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো :

- | | | |
|--|---|----------|
| ০১. ড. মোঃ ওমর ফারুক, উপসচিব (কারিগরি-১), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। | : | আহ্বায়ক |
| ০২. জনাব মোঃ রকিব উল্লাহ, সহকারী পরিচালক (প্রশাসন-২)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। | : | সদস্য |

কমিটির কর্মপরিধিঃ

(ক) কমিটি আগামী ১৫ এপ্রিল, ২০১৬ তারিখের মধ্যে সমন্বিত সংশোধনকৃত খসড়া গ্রেডেশন তালিকা-৩ এর আপত্তিসমূহ পুনঃ পর্যালোচনা করে একটি নিতুল গ্রেডেশন তালিকা দাখিল করবেন। অতঃপর তা অনুমোদনের জন্য সচিব মহোদয় বরাবরে উপস্থাপন করা হবে।


(মোঃ হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫ ৬৯ ৭২৬

বিতরণঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। ড. মোঃ ওমর ফারুক, উপ সচিব (কারিগরি-১), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জনাব মোঃ রকিব উল্লাহ, সহকারী পরিচালক (প্রশাসন-২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ✓ ৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)